



স্মারক নং-ইআবি/পনি/কামিল পরীক্ষা/২০২০/১৮০৬

তারিখ : ১৬/০৭/২০২০ খ্রি.

কামিল মৌখিক পরীক্ষার সংশোধিত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ও প্রাথমিক পাঠদানপ্রাপ্ত সকল কামিল মাদরাসার অধ্যক্ষ, ভারপ্রাপ্ত কর্মকর্তা, ছাত্রছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০১৯ এর স্থগিত মৌখিক পরীক্ষা আগামী ১০/৮/২০২০ থেকে ৩১/৮/২০২০ পর্যন্ত অনুষ্ঠিত হবে। সম্মানিত অধ্যক্ষ, ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পরীক্ষকগণকে সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধির পাশাপাশি নিম্নলিখিত নির্দেশনাসমূহ অনুসরণ করে পরীক্ষা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় নির্দেশনা:

১. দৈনিক দুই শিফটে পরীক্ষা গ্রহণ করতে হবে।
 - ক) ১ম শিফট: ১০.০০ হতে ০১.০০ টা পর্যন্ত।
 - খ) ২য় শিফট: ০২.০০ হতে ৫.০০ টা পর্যন্ত।
২. প্রতি শিফটে ৫০ জনের অধিক শিক্ষার্থীর পরীক্ষা নেয়া যাবে না।
৩. প্রত্যেক কেন্দ্রের সর্বমোট পরীক্ষার্থীদের শিফট অনুযায়ী বিভক্ত করে পরীক্ষার ন্যূনতম ২দিন পূর্বে পরীক্ষার্থীদের কেন্দ্রে উপস্থিতির সময় জানাতে হবে।
৪. অপেক্ষমান পরীক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে নির্দিষ্ট দূরত্ব বজায় রেখে বসার ব্যবস্থা করতে হবে।
৫. পরীক্ষা গ্রহণের সাথে সাথে পরীক্ষার্থীদের কেন্দ্রস্থল ত্যাগ করতে হবে। কোন রকম সমাগম ও ভীড় তৈরী করা যাবে না।
৬. কেন্দ্রে পর্যাপ্ত হ্যান্ড স্যানিটাইজার বা সবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করতে হবে।
৭. পরীক্ষক ও পরীক্ষার্থীদের যাতায়াতের সময় পূর্ণাঙ্গ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।
৮. সাপ্তাহিক ছুটির দিনে পরীক্ষা গ্রহণ করা যাবে, তবে সরকারি সাধারণ ছুটির দিনগুলোতে কোন অবস্থাতেই পরীক্ষা গ্রহণ করা যাবে না।


(প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

মোবাইল: ০১৭১০-৯০৮৬৮৬